

টিকার তথ্যের বিবৃতি

নিউমোকোকাল পলিস্যাকারাইড টিকা (PPSV23): আপনাকে কি কি জানতে হবে

Many Vaccine Information Statements are available in Bengali and other languages. See www.immunize.org/vis

বাংলা এবং অন্যান্য ভাষায় টিকাকরণ সম্পর্কিত অনেক তথ্য উপলভ্য আছে। www.immunize.org/vis দেখুন

1 কেন টিকা নেওয়া উচিত?

নিউমোকোকাল পলিস্যাকারাইড টিকা (PPSV23) নিউমোকোকাল রোগ প্রতিরোধ করতে পারে।

নিউমোকোকাল রোগ মানে সেইসব রোগকে বোঝায় যেগুলো নিউমোকোকাল ব্যাকটেরিয়ার কারণে হয়। এইসব ব্যাকটেরিয়ার কারণে এক ধরনের হৃদপিন্ডের সংক্রমণ নিউমোনিয়া সহ অনেক অসুখ হতে পারে। নিউমোকোকাল ব্যাকটেরিয়া হল নিউমোনিয়া হওয়ার সবচেয়ে প্রচলিত কারণ।

নিউমোনিয়ার পাশাপাশি নিউমোকোকালের কারণে এগুলোও হতে পারে:

- কানের সংক্রমণ
- সাইনাসের সংক্রমণ
- মেনিনজাইটিস (মস্তিষ্ক ও শিরদাঁড়ার আচ্ছাদিত কলার সংক্রমণ)
- ব্যাকটেরিমিয়া (রক্তপ্রবাহে সংক্রমণ)

যে কারও নিউমোকোকাল রোগ হতে পারে, তবে 2 বছরের কম বয়সী বাচ্চাদের, নির্দিষ্ট কিছু অসুস্থতা থাকা ব্যক্তিদের, 65 বা তার বেশি বয়সী মানুষের এবং সিগারেট সেবনকারীদের মধ্যে এই রোগ হওয়ার ঝুঁকি সর্বোচ্চ।

বেশিরভাগ নিউমোকোকাল সংক্রমণ হল মৃদু। তবে, কিছু কিছু ক্ষেত্রে দীর্ঘস্থায়ী সমস্যা তৈরি হয়, যেমন মস্তিষ্কের ক্ষতি বা শ্রবণশক্তি হারানো। নিউমোকোকাল অসুখের কারণে মেনিনজাইটিস, ব্যাকটেরিমিয়া ও নিউমোনিয়া হলে তার ফল মারাত্মক হতে পারে।

2 PPSV23

PPSV23 নিউমোকোকাল অসুখ হয় এমন 23 ধরনের ব্যাকটেরিয়া থেকে সুরক্ষা প্রদান করে।

PPSV23 প্রস্তাব করা হয়:

- 65 বা তার বেশি বয়সী সকলের জন্য,
- 2 বছর বা তার বেশি বয়সীদের যাদের এমন কিছু অসুস্থতা আছে যার ফলে নিউমোকোকাল অসুখের ঝুঁকি আছে।

বেশিরভাগ মানুষের PPSV23-এর কেবল একটি ডোজের প্রয়োজন। PPSV23-এর দ্বিতীয় ডোজ এবং অন্য ধরনের নিউমোকোকালের টিকা যাকে PCV13 বলা হয়, এগুলো নির্দিষ্ট উচ্চ ঝুঁকি সম্পন্ন মানুষদের ক্ষেত্রে প্রস্তাব করা হয়। আপনার স্বাস্থ্য সেবা প্রদানকারী আরও তথ্য দিতে পারেন।

65 বছর বা তার বেশি বয়সী মানুষদেরকে PPSV23-এর একটি ডোজ নিতে হবে, তাদের বয়স 65 বছর হওয়ার আগে টিকার এক বা তার বেশি ডোজ নিয়ে থাকলেও।

3 আপনার স্বাস্থ্য সেবা প্রদানকারীর সঙ্গে কথা বলুন

আপনার টিকা প্রদানকারীকে বলুন, যদি যিনি টিকা নিচ্ছেন তারঃ:

- PPSV23-এর আগের ডোজের পর অ্যালার্জি হয়েছে কিনা অথবা কোনও মারাত্মক, প্রাণঘাতী অ্যালার্জি আছে কিনা।

কোনও কোনও ক্ষেত্রে, আপনার স্বাস্থ্য সেবা প্রদানকারী ভবিষ্যতের সাক্ষাতে PPSV23 টিকা নেবেন বলে সময় পিছিয়ে দিতে পারেন।

ঠান্ডা লাগার মতো হালকা অসুস্থতা থাকা মানুষদেরকে টিকা নিতে হতে পারে। মাঝারি বা মারাত্মক অসুস্থ হওয়া মানুষদেরকে PPSV23 নেয়ার আগে সুস্থ হতে হবে।

আপনার স্বাস্থ্য সেবা প্রদানকারী আরও তথ্য দিতে পারেন।



4 টিকা প্রতিক্রিয়ার ঝুঁকি

- PPSV23 নেয়ার পর, সূঁচ ফোটানোর স্থানে লালদাগ বা ব্যথা হতে পারে, ক্লান্তি লাগতে পারে বা মাংশপেশীর ব্যথা হতে পারে।

টিকা সহ অন্যান্য চিকিৎসা পদ্ধতির পর মানুষ অনেক সময় অঙ্গান হয়ে যায়। আপনার যদি মাথা ঘোরে, বা দৃষ্টি পরিবর্তন হয় বা কান বাজে তাহলে আপনার প্রদানকারীকে জানান।

যে কোনো ওষুধের মতো, টিকা নেওয়ার ফলে মারাত্মক অ্যালার্জি, অন্যান্য গুরুতর আঘাত বা মৃত্যু হওয়ার সম্ভাবনা খুবই কম।

5 মারাত্মক সমস্যা হলে কি করব?

টিকা নেয়ার পর ক্লিনিক ছেড়ে যাওয়ার পর অ্যালার্জি দেখা দিতে পারে। যদি আপনি মারাত্মক অ্যালার্জির উপসর্গ (আমবাত, মুখ ও গলা ফুলে যাওয়া, শ্বাসকষ্ট, দ্রুত হৃদস্পন্দন, মাথা ঘোরা বা দুর্বলতা) দেখতে পান তাহলে 9-1-1 নম্বরে কল করে সেই ব্যক্তিকে নিকটবর্তী হাসপাতালে নিয়ে যান।

অন্যান্য উপসর্গ যার কারণে আপনি উদ্ভিন্ন তার জন্য আপনার স্বাস্থ্য সেবা প্রদানকারীকে কল করুন।

বিরূপ প্রতিক্রিয়া সম্পর্কে ভ্যাক্সিন অ্যাডভার্স ইভেন্ট রিপোর্টিং সিস্টেম (Vaccine Adverse Event Reporting System, VAERS) এ জানাতে হবে। সাধারণত আপনার স্বাস্থ্য সেবা প্রদানকারী এই রিপোর্ট ফাইল করবেন, অন্যথায় আপনি নিজেই করতে পারেন। VAERS ওয়েবসাইট

www.vaers.hhs.gov দেখুন অথবা 1-800-822-7967 নম্বরে কল করুন। VAERS-এ কেবল প্রতিক্রিয়া জানানো হয়, VAERS-এর কর্মীরা চিকিৎসা সংক্রান্ত পরামর্শ দেন না।

6 আমি কিভাবে আরো বেশী জানব?

- আপনার স্বাস্থ্য সেবা প্রদানকারীকে জিজ্ঞাসা করুন।
- আপনার স্থানীয় বা স্টেটের স্বাস্থ্য বিভাগে কল করুন।
- রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধ কেন্দ্র (CDC) সঙ্গে যোগাযোগ করুন:
 - 1-800-232-4636 নম্বরে কল করুন বা
 - CDC-এর ওয়েবসাইট দেখুন: www.cdc.gov/vaccines

